

প্রেস বিজ্ঞপ্তি

রাজধানীর দক্ষিণ বনশ্রী এলাকা থেকে বিপুল পরিমাণ অবৈধ ভিওআইপি সরঞ্জামাদিসহ আটক চার ঢাকা, ১১ ফেব্রুয়ারি, ২০২১:

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) ও র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)-৩ যৌথ প্রয়াসে সম্প্রতি রাজধানীর খিলগাঁও থানাধীন দক্ষিণ বনশ্রী এলাকা থেকে বিপুল পরিমাণ অবৈধ ভিওআইপি মেশিন, সরঞ্জাম ও সিমকার্ডসহ চার ভিওআইপি ব্যবসায়ীকে আটক করা হয়েছে।

আটককৃতরা দক্ষিণ বনশ্রীর তিনটি বাসায় দীর্ঘদিন ধরে অবৈধভাবে ভিওআইপি ব্যবসা চালিয়ে আসছিল। অভিযানের সময় তাদের কাছ থেকে ১২টি সিমবক্স, ৯টি রাউটার, ৩,০১৫ টি সিমকার্ড, ১টি ল্যাপটপ ও ১টি আইপিএস জন্ড করা হয়।

আটককৃতরা হলেন ব্রাহ্মণবাড়িয়ার মনির হোসেন, ইয়াসিন, মোঃ শহীদুল্লাহ ও বরিশালের মোঃ মনিরুজ্জামান। চক্রটি দীর্ঘদিন অবৈধ ভিওআইপি ব্যবসার মাধ্যমে সরকারের বিপুল পরিমাণ রাজস্ব ফাঁকি দিয়ে আসছে। তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন আছে।



